

উপজেলা পরিষদ কার্যালয়

উখিয়া, কক্সবাজার।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ১৮/০৪/২০২২ খ্রি. বিকাল ০৩.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
কর্মসংস্থান সৃষ্টির লক্ষে দক্ষ জনশক্তি গড়ে তোলার নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও কমিটির সদস্যসচিব জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরে দুই ধরনের প্রশিক্ষণ কর্মসূচি চালু আছে। যথা ১) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচি এবং অপ্রাতিষ্ঠানিক/ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কর্মসূচি। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় আবাসিক ও অনাবাসিক দুই ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচি উপজেলা পর্যায়ে স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন ট্রেডে প্রদান করা হয়। সব উপজেলায় একই ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রশিক্ষণ প্রদান করা হয় না। স্থানীয় চাহিদার উপর ভিত্তি করে বিভিন্ন উপজেলা বিভিন্ন ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডসমূহে প্রশিক্ষণের মেয়াদ ১ মাস হতে ৬ মাস এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মেয়াদ ০৭ দিন থেকে ২১ দিন। এ অর্থবছরে ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০ জনকে প্রশিক্ষিত করা হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণার্থী নির্বাচনে শিক্ষিত যুব নারীদের অগ্রাধিকার দেওয়ার জন্য সুপারিশ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. জাহাঙ্গীর আলম)

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে




- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
- ৩। অফিস নথি।

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ১৮/০৪/২০২২ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
ডাঃ জাহাঙ্গীর আলম	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
নুরুন হুদা	চেয়ারম্যান	রত্নাপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
—	চেয়ারম্যান	হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
শেখ মোস্তাফিজুর রহমান সি.এম.এ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	 ১৮/০৪/২০২২
শ্রী: জাহাঙ্গীর হুদা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	